

## ‘ইন্ডিয়া টুডে’-র সমীক্ষা

সারাদেশে ভাল র্যাঙ্কিং

ইকফাই বিশ্ববিদ্যালয়ের

আগরতলা, ২৮ জুন :

গুণগত ও কর্মসংস্থানমুখী শিক্ষাব্যবস্থা চালু রাখার স্বীকৃতি পেতে শুরু করেছে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। গুণমানসম্পন্ন কারিগরি শিক্ষা প্রদানে জন্য এই বিশ্ববিদ্যালয় ‘ইন্ডিয়া টুডে’ গ্রুপের সমীক্ষায় দেশের অগ্রন্তি ১০০টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে জায়গা করে নিয়েছে। তবে এখানেই থেমে থাকতে রাজি নয় ইকফাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার জানালেন, পঠন-পাঠনের মান ক্রমশঃ আরো উন্নত করার সুনির্দিষ্ট পরিকল্পনা নেওয়া হয়েছে। পরিকাঠামো বৃদ্ধির পাশাপাশি বহিঃরাজ্যের নামি শিক্ষা প্রতিষ্ঠান থেকে অভিজ্ঞ ফ্যাকাল্টিরের আনা হচ্ছে। তেমনি গ্রন্থাগার ও বিভিন্ন পরীক্ষাগারগুলো ঢেলে সাজানো হচ্ছে যাতে পড়ুয়ারা তার সুফল পেতে পারে। তিনি দৃঢ়প্রত্যয় ব্যক্ত করে বলেন, আগামী দুই বছরের মধ্যে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা দেশের অগ্রন্তি ৫০টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের একটি হওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে। পাশাপাশি বিভিন্ন কোর্সে উন্নীর্ণ পড়ুয়াদের সঠিক কর্মসংস্থান নিশ্চিত করতে নানাবিধি উদ্যোগ নেওয়া হয়েছে।

অধ্যাপক বিপ্লব হালদার জানান, ‘ইন্ডিয়া টুডে’ গ্রুপের র্যাঙ্কিং-এ ইকফাই ল’ স্কুল সারাদেশের মধ্যে ২৮তম স্থান পেয়েছে। প্রসঙ্গত, ইকফাই বিশ্ববিদ্যালয়ের কারিগরিশিক্ষা ও আইনশিক্ষা বিভাগে বর্তমানে ভালসংখ্যক পড়ুয়া রয়েছে। সহ-উপাচার্য আরেকটি সুসংবাদ জানিয়ে বলেন, গুণগত শিক্ষাব্যবস্থা পরিচালনার স্বীকৃতিস্বরূপ ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা সম্প্রতি ISO 9001: 2015 শংসাপত্র অর্জন করেছে।